



সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

শিয়ালকোল, সিরাজগঞ্জ।

পোস্ট কোড নং-৬৭০০



সরাসরি-০৭৫১-৬২৮৪৫

E-Mail-sirajganjpbs2@gmail.com

Web : www.pbs2.sirajganj.gov.bd

ISO 9001:2015 certified

স্মারক নং-২৭.১২.৮৮৭৮.৫৭৩.০২.০২১.২৩. ০৫০৭

তারিখঃ ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৫ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

“ নিয়োগ বিজ্ঞপ্তি ”

বিষয়ঃ অত্র পবিসের বেলকুচি জোনাল অফিসের জন্য একজন মেডিকেল রিটেইনার নিয়োগ প্রসঙ্গে।

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর বেলকুচি জোনাল অফিস, কামারপাড়া, বেলকুচি, সিরাজগঞ্জ এর কর্মকর্তা/কর্মচারীদের চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে স্থানীয়ভাবে ০১ (এক) জন মেডিকেল রিটেইনার ডাক্তার নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ০১। প্রার্থীকে অবশ্যই এমবিবিএস পাশ হতে হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।
 - ০২। মেডিকেল রিটেইনার ডাক্তার পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। তবে ০১ (এক) মাসের পূর্ব নোটিশ প্রদান সাপেক্ষে যে কোন পক্ষ হতে এই নিয়োগ বাতিল করতে পারবে।
 - ০৩। ০৩ (তিন) বৎসরের চুক্তিকাল উত্তীর্ণ হওয়ার অন্ততঃপক্ষে ০১ (এক) মাস পূর্বে নতুন করে আবেদন আহ্বান করা হবে এবং সেই সময় যিনি অত্র পদে অধিষ্ঠিত থাকবেন তিনিও পুনরায় আবেদন করতে পারবেন।
 - ০৪। সমিতির আওতাভুক্ত এলাকার সরকারী ডাক্তার হিসাবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছেন কেবলমাত্র তাদেরকেই মেডিকেল রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হবে।
 - ০৫। নির্বাচিত প্রার্থীকে ন্যূনতম ০২ (দুই) ঘন্টা করে সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন সময়ে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর বেলকুচি জোনাল অফিসে অবস্থান করে কর্মকর্তা/কর্মচারী এবং তাদের উপর নির্ভরশীল সদস্যদের বিনামূল্যে প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদান করতে হবে। আলোচনার মাধ্যমে দিনক্ষণ স্থির করা যেতে পারে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
 - ০৬। অফিসে চিকিৎসা সেবা প্রদানের সপ্তাহের নির্ধারিত দিন ব্যতিত অন্যান্য দিন কোন কারণে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী এবং তাদের উপর নির্ভরশীল সদস্যদের চিকিৎসার প্রয়োজন হলে ব্যক্তিগত চেম্বারে চিকিৎসা সেবা প্রদান এবং পবিসের কর্মকর্তা/কর্মচারীদের চিকিৎসা বিল প্রত্যয়ন করতে হবে। প্রয়োজন হলে কর্মকর্তা/কর্মচারীদের শারীরিক সক্ষমতা সংক্রান্ত প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে। এর জন্য কোন পৃথক ফি বা ভিজিট প্রদান করা হবে না।
 - ০৭। নির্বাচিত প্রার্থীকে আলোচনা সাপেক্ষে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক নির্ধারিত হারে রিটেইনার ফি প্রদান করা হবে।
 - ০৮। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- উপর্যুক্ত শর্তাবলী পালনে সক্ষম বর্ণিত পদে নিয়োগ পেতে আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে (ক) আবেদনকারীর নাম (খ) পিতা ও মাতার নাম (গ) স্থায়ী ও বর্তমান ঠিকানা (ঘ) জন্ম তারিখ (ঙ) শিক্ষাগত যোগ্যতা (চ) জাতীয়তা (ছ) ধর্ম (জ) অভিজ্ঞতা উল্লেখ পূর্বক স্ব-হস্তে দরখাস্ত আগামী ৩০/১১/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। দরখাস্তের সাথে সকল শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ পত্র ও জাতীয় পরিচয় পত্র সংযুক্ত করতে হবে। সকল প্রকার সত্যায়ন অবশ্যই সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক হতে হবে।
- ০৯। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(অখিল কুমার সাহা)

সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নাম) (সদয় অবগতি ও প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উত্তরাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ০৪। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
- ০৫। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, সিরাজগঞ্জ।
- ০৬। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ০৭। সুপারিনটেনডেন্ট, সদর হাসপাতাল, সিরাজগঞ্জ।
- ০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার,..... পবিস-১/২/৩/৪।
- ০৯। ডিজিএম, (সদর-কারিগরী)/বেলকুচি/কাজিপুর, সিরাজগঞ্জ পবিস-২।
- ১০। এজিএম, কামারখন্দ/পিপুলবাড়িয়া/তামাই সাব-জোনাল অফিস, সিরাজগঞ্জ পবিস-২।
- ১১। এজিএম (প্রশাসন/অর্থ/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি/এইচআর), সিরাজগঞ্জ পবিস-২।
- ১২। এজিএম (আইটি), সিরাজগঞ্জ পবিস-২। (সমিতির ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ১৩। নোটিশ বোর্ড, সিরাজগঞ্জ পবিস-২।
- ১৪। অফিস/মাষ্টার কপি।

(অধিষ্টি কুমার সাহা)

সিনিয়র জেনারেল ম্যানেজার

